

# চৈতিক ইঞ্জিনিয়ার

অরিষ্ট APR 1987  
পঠা... দক্ষিণ...



246

## উপজেলা পরিক্রমা

সৈয়দপুর APR 1987

সৈয়দপুর (নীলফামারী), ৭ এপ্রিল  
(সংবৰ্দ্ধনাতা)।— নীলফামারী জেলার  
সুবর্ব উপজেলা শহর সৈয়দপুর। ৪৭  
বর্গমাইল আয়তন বিশিষ্ট এ শহরে প্রায় ২  
লাখ লোকের বাস। তন্মধ্যে ১ লাখ ৮  
হাজার ৮শ ৯০ জন পুরুষ এবং ৯৫  
হাজার ১শ ১০ জন মহিলা। উক্ত  
উপজেলা ১টি পৌরসভাসহ ৫টি  
ইউনিয়ন নিয়ে গঠিত।

### কৃষি

এ উপজেলায় আবাদী জমির পরিমাণ  
২২৬০৯.৪৮ একর এবং অনাবাদী জমির  
পরিমাণ ৭৪৫৫.৪২ একর। তন্মধ্যে  
একফসলী জমির পরিমাণ ২৩২৮০০  
একর, দুফসলী জমির পরিমাণ  
৯৮৩৯০০ একর এবং তিনফসলী জমির  
পরিমাণ ১০৪২৪ একর। প্রধান কৃষি  
পণ্ডের মধ্যে রয়েছে আড়শ, আমন,  
বোরো, গম, পাট, আলু ও সরিষা। উক্ত  
উপজেলায় খাদ্যের চাহিদা রয়েছে  
২৯৩৭.২ টন। সে তুলনায় উৎপাদিত  
খাদ্যের পরিমাণ রয়েছে ২৬৬১.৮ টন।  
সেচের জন্যে ৪৬টি গভীর নলকৃপ,  
১৪৪টি অগভীর নলকৃপ, ১৮টি  
শক্তিচালিত পাম্প, ২৫টি ইস্তচালিত  
নলকৃপ রয়েছে।

### শিক্ষা

এখানে ১টি ডিগ্রী কলেজসহ ৬টি কলেজ

রয়েছে। ১৪টি বালক বিদ্যালয়, ২টি  
বালিকা বিদ্যালয়, ৩টি সিনিয়র উচ্চ  
বিদ্যালয়, ৯টি বেসরকারী প্রাথমিক  
বিদ্যালয়, ১৫টি সরকারী প্রাথমিক  
বিদ্যালয়, সিনিয়র মাদ্রাসা ও দাখিল  
মাদ্রাসা ১৩টি রয়েছে। এখানে শিক্ষিতের  
হার শতকরা ২৫ জন।

### স্বাস্থ্য

এখানে ৫০ শয়া বিশিষ্ট একটি  
হাসপাতাল, ২টি মাডুরংগল ও শিশু  
কেন্দ্র, ২টি পরিবার কলাগ কেন্দ্র, ১টি  
বিহুবিভাগ ক্লিনিক, ৪টি ইউনিয়ন স্বাস্থ্য  
কেন্দ্র রয়েছে।

### যোগাযোগ

এ উপজেলায় যোগাযোগ ব্যবস্থা  
অনুমতি। মোট ১৮৫ মাইল রাস্তার মধ্যে  
পাকা রাস্তা রয়েছে ৩০ মাইল, কাঁচা রাস্তা  
রয়েছে ১৫৫ মাইল এবং সাড়ে ৪ মাইল  
রয়েছে রেলপথ।

বর্ষা মওসুমে উপজেলার গ্রামবাসীদেরকে  
রাস্তায় চলাচলে দারুণ দুর্ভোগ পোহাতে  
হয়।

### বিদ্যুৎ

উপজেলা শহর ও পার্শ্ববর্তী কয়েকটি গ্রাম  
বিদ্যুতায়িত রয়েছে। চাহিদা মতো বিদ্যুৎ  
না পাওয়ায় গ্রামবাসীদের অবস্থা চৰামে  
পৌঁছেছে। ফলে শিল্প কারখানা  
আর্থিকভাবে কঠিগত্ব হচ্ছে।